

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১০৬৩

### ৮/ সিয়াম

পরিচ্ছেদঃ সূর্যান্তের সাথে সাথে দেরী না করে ইফতার করার ফযীলত, কোন খাদ্য দ্বারা ইফতার করবে ও তার পরের দু'আ

#### আরবী

وَعَنْ أَبِي عطِيَّةَ قَالَ: دَخَلْتُ أَنَا وَمَسْرُوقٌ عَلَى عَائِشَة رَضِيَ اللهُ عَنْهُا فَقَالَ لَهَا مَسْرُوق: رَجُلاَنِ مِنْ أَصْحَابِ مُحَمَّدٍ عَيْلِ كِلاَهُمَا لاَ يَأْلُو عَنِ الخَيْرِ؛ أَحَدُهُمَا يُعَجِّلُ المَغْرِبَ وَالإِفْطَارَ ؟ فَقَالَتْ: مَنْ يُعَجِّلُ المَغْرِبَ وَالإِفْطَارَ ؟ فَقَالَتْ: مَنْ يُعَجِّلُ المَغْرِبَ وَالإِفْطَارَ ؟ فَقَالَتْ: هَكَذَا كَانَ رَسُولُ اللهِ وَالإِفْطَارَ ؟ قَالَ: عَبْدُ اللهِ \_ يعني: ابن مسعود \_ فَقَالَتْ: هَكَذَا كَانَ رَسُولُ اللهِ يَصنْنَعُ رواه مسلم

#### বাংলা

(১০৬৩) আবূ আত্বিয়াহ হতে বর্ণিত, তিনি বলেন, আমি ও মাসরুক আয়েশা (রাঃ) এর নিকট উপস্থিত হলাম। মাসরুক তাঁকে বললেন, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহচরদের মধ্যে দু'জন সহচর কল্যাণের ব্যাপারে আদৌ ত্রুটি করেন না। তাঁদের একজন মাগরিব ও ইফতার সত্বর সম্পাদন করেন এবং অপরজন মাগরিব ও ইফতার দেরীতে সম্পাদন করেন। এ কথা শুনে আয়েশা (রাঃ) জিজ্ঞাসা করলেন, কে মাগরিব ও ইফতার সত্বর করেন? তিনি বললেন, আন্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ)। তিনি বললেন, 'আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপই করতেন।

## ফুটনোট

(মুসলিম ২৬১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন